



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)
কুয়েট রোড, খুলনা-৯২০৩।
ইমেইল-hsttikhulna@yahoo.com
ওয়েবসাইট-www.hstti.khulna.gov.bd

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৬/ ৪৬

তারিখ: ১০/০৩/২০২৬ খ্রি.

প্রাপক : অধ্যক্ষ

.....কলেজ।

বিষয়: কলেজ শিক্ষকগণের পেশাগত দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে (৯৮ তম ব্যাচ) অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন আহ্বান।

এই ইনস্টিটিউটে ০১/০৪/২০২৬ খ্রি. থেকে ২৭/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত অনুষ্ঠেয় ২৭দিন মেয়াদি “কলেজ শিক্ষকগণের পেশাগত দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার কলেজের আগ্রহী শিক্ষকদের মধ্য থেকে ব্যক্তিগত অথবা প্রতিষ্ঠানের ল্যাপটপ, মডেম, পেনড্রাইভ সংগে আনতে পারবে এমন ০১ (এক) জন শিক্ষক যিনি বিগত ০৩ বছরের মধ্যে এই প্রশিক্ষণ গ্রহণ করেননি এমন একজনকে অনলাইনে আবেদন করার অনুমতি প্রদান করতে পারবেন।

মনোনীত শিক্ষক আগামী ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারের নিকট উপস্থিতির রিপোর্ট করবেন। ০১/০৪/২০২৬ খ্রি.তারিখ সকাল ০৯:০০ টায় প্রশাসনিক কাম একাডেমিক ভবন কক্ষ নং ৩০২-এ রেজিস্ট্রেশনের সময় তিনি কলেজের অধ্যক্ষ প্রদত্ত ছাড়পত্র, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি এর ফটোকপি অবশ্যই জমা দেবেন। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য প্রফেসর ড. খ. ম রেজাউল করিম, অতিরিক্ত পরিচালক, (প্রধান কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৭১১-৫৭৭৮৫৫), প্রফেসর ড. প্রদীপ কুমার মন্ডল, উপ পরিচালক, (কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৭২৪-০০২৫৭৮) এর সাথে যোগাযোগ করতে পারবেন।

উল্লেখ্য, প্রতিষ্ঠানের ইআইআইএন, নিজের ইনডেক্স নং ও চাকুরিতে প্রথম যোগদানের তারিখ রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় লিপিবদ্ধ করতে হবে। প্রশিক্ষণকালে বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য মনোনীত শিক্ষককে কমপক্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। যাদের বয়স ৫৭ বছর পূর্ণ হয়েছে তাঁদের প্রশিক্ষণে অংশ গ্রহণের প্রয়োজন নাই। আগামী ২৯/০৩/২০২৬ তারিখের মধ্যে যে কোনো ব্রাউজারে নিচের লিংকটি টাইপ করে এন্টার দিয়ে অথবা প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd প্রবেশ করে তথ্য ফরমটি পূরণ করে প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

লিংক: <https://forms.gle/UMMKjeSmRqJYXmop7>

অনলাইনে আবেদন ব্যতিত কোনো প্রকার ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণের তদ্বির না করার অনুরোধ করা হলো।


বিঃদ্র: অনলাইনে আবেদন সাবমিট হলেই প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত নয়। এই প্রশিক্ষণটির আসন সংখ্যা ৩০ জন। ফলে যারা আগে আবেদন করবেন তাদের মধ্য থেকে যাচাই বাছাই করে ৩০ জনের চূড়ান্ত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৬/ ৪৬


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও ওয়েবসাইট, এইচএসটিটিআই, খুলনা।
- ৪। সংরক্ষণ কপি।

আগামী ৩০/০৩/২০২৬ খ্রিস্টাব্দ বেলা ২:০০ টায় প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd তে চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।


(প্রফেসর ড. শেখ মো: আমানুল্লাহ)
পরিচালক(প্রশিক্ষণে)
এইচএসটিটিআই, খুলনা

তারিখ: ১০/০৩/২০২৬ খ্রি.


ড. প্রদীপ কুমার মন্ডল,
উপ পরিচালক (ইনসিটু)
এইচ এস টি টি আই, খুলনা।
মোবাইলঃ ০১৭২৪-০০২৫৭৮